



নং:৪৫.০৩.০০০০. ০০৫.০৬.০০১.২১ ২২ ৪৩

তারিখঃ ১৭/১০/২০২১ খ্রি:

সিটিজেন চার্টার সংক্রান্ত অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
স্থানঃ zoom platform ID- 7354259325, Pass Word -123
তারিখ ও সময়ঃ ১০.১০.২০২০ খ্রিঃ, দুপুর ১২.০০ টা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান ও সেবা প্রতিষ্ঠান কে তাদের নিজ নিজ কার্যক্রমের উপর ভিত্তি করে সিটিজেন চার্টার সংক্রান্ত প্রয়োজনীয় বক্তব্য দিতে বলেন। সকল নার্সিং কলেজ, ইনস্টিটিউট ও হাসপাতাল থেকে অংশগ্রহণকারী অধ্যক্ষ ও সেবা তত্ত্বাবধায়কগণ তাদের সেবামূলক কাজ ও সম্ভাব্য কর্মসম্পাদন বিষয়ে বক্তব্য রাখেন।

আলোচ্য সূচিঃ


- ক) সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুতকরণ।
গ) বিবিধ--

সভার আলোচ্য বিষয়সমূহের আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ নিম্নরূপ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।	এপিএ এর সংযোজনী অংশ হিসাবে সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করার জন্য গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।	ডিজিএনএম এর আওতাধীন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এপিএ এর সংযোজনী অংশ হিসাবে সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন ডিজিএনএম এ প্রেরণ করতে হবে।	পরিচালক, অধ্যক্ষ, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ ও সংশ্লিষ্ট কর্মকর্তা।
২	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুতকরণ।	সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান সিটিজেন চার্টারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ফরমেট ব্যবহার না করে বুলেট পয়েন্ট দিয়ে সিটিজেন চার্টার দৃশ্যমান করেছে। ডিজিএনএম এর ওয়েবসাইটে দেয়া সিটিজেন চার্টার/জনপ্রশাসন মন্ত্রণালয়ের	সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছক ও ডিজিএনএম এর ওয়েবসাইটে প্রদত্ত নমুনা অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুত করে দৃশ্যমান করে ছবি ডিজিএনএম এ প্রেরণ করার সিদ্ধান্ত	পরিচালক, অধ্যক্ষ ও নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ।

		ফরমেট এর আলোকে ৭ কলাম বিশিষ্ট সিটিজেন চার্টার তৈরির বিষয়ে আলোচনা করা হয়।	গৃহীত হয়।	
৩	সিটিজেন চার্টার প্রশিক্ষণ।	সিটিজেন চার্টার বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষণ এর জন্য ডিজিএনএম এ প্রস্তাব প্রেরণ করা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	সকল নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ সিটিজেন চার্টার বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষণ প্রদানের জন্য বাজেট প্রাক্কলনসহ প্রশিক্ষণ পরিকল্পনার প্রস্তাব ডিজিএনএম প্রেরণ করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা।
৪	সিটিজেন চার্টারে প্রদত্ত সেবা	মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য কি কি সেবা সিটিজেন চার্টারে থাকবে তা নির্ধারণ নিয়ে আলোচনা করা হয়।	সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কি কি সেবা সিটিজেন চার্টারের ৩টি সেকশন (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও আভ্যন্তরিক সেবা) অনুযায়ী দিতে পারবেন তা নির্ধারণ করবেন এবং প্রতি তিন মাস পর পর তা হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, অধ্যক্ষ ও নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ।
৫	ভবিষ্যৎ কার্যক্রম সিটিজেন চার্টারে সংযুক্তকরণ	ডিজিএনএম ও আওতাধীন প্রতিষ্ঠান এর ভবিষ্যৎ কার্যক্রম সিটিজেন চার্টারে সংযুক্তকরণ বিষয় আলোচনা করা হয়।	ডিজিএনএম ও আওতাধীন প্রতিষ্ঠান এর ভবিষ্যৎ কার্যক্রম সিটিজেন চার্টারে সংযুক্ত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৬	বিবিধ	অভিযোগ প্রতিকার ও প্রতিরোধ বিষয়ে সঠিক কর্মপরিকল্পনা করার বিষয়ে সার্বিক আলোচনা করা হয়।	এপিএ এর সংযোজনী অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ও প্রতিরোধ বিষয়ের কর্মপরিকল্পনা যথা সময়ে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল কর্মকর্তা।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে দুর্নীতি মুক্ত অফিস পরিচালনার অংগীকার ব্যক্ত করে এবং সেবা প্রদান প্রতিশ্রুতির সঠিক বাস্তবায়ন করার নির্দেশনা দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সিদ্ধিকা আক্তার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর